



ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে প্রাইভেটকার দুর্ঘটনা, নিহত ৩



সংগৃহীত ছবি

মুন্সিগঞ্জের শ্রীনগরে ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে দ্রুতগতির একটি প্রাইভেটকার উল্টে তিনজন নিহত ও একজন আহত হয়েছেন। বৃহস্পতিবার সকালে ষোলঘর এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে নিয়ন্ত্রণ হারিয়ে প্রাইভেটকার দুর্ঘটনায় তিনজনের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (২১ আগস্ট) ভোর সাড়ে ৬টার দিকে মুন্সিগঞ্জের শ্রীনগর উপজেলার ষোলঘর এলাকায় যাত্রী ছাউনির পাশে এ দুর্ঘটনা ঘটে। খবরটি নিশ্চিত করেছেন শ্রীনগর ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার দেওয়ান আজাদ হোসেন।

নিহতরা হলেন আরমান, রাইসা ও তানজিল। তবে তাদের বিস্তারিত পরিচয় জানা যায়নি।

দেওয়ান আজাদ হোসেন জানান, প্রাইভেটকারটি মাওয়া থেকে ঢাকার দিকে যাচ্ছিল। অতিরিক্ত গতির কারণে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়ক বিভাজকে ধাক্কা খেয়ে উল্টে যায়। ঘটনাস্থলেই দুইজন মারা যান। গুরুতর আহত অবস্থায় আরও দুজনকে উদ্ধার করে শ্রীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে চিকিৎসক একজনকে মৃত ঘোষণা করেন। আহত অন্যজন বর্তমানে সেখানে চিকিৎসাধীন।